

নির্বাহী প্রকৌশলীর কার্যালয় গণপূর্ত ই/এম এম আই এস বিভাগ-২, ঢাকা।			
ডায়েরী নং- ১৫৬১	তারিখঃ ২২/৯/২২	প্রকৌশলীঃ	
অ: স:	স: প্র:	উ: বি: প্র:	নি: প্র:

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
ফোনঃ ৯৫৬২৭৯৫, ফ্যাক্সঃ ৮৮০-২-৯৫৬২৯১৩
www.pwd.gov.bd

সংস্থাপন শাখা-৩

স্মারক নং-২৫.৩৬.০০০০.২২০.০৬.০০১.২২-২৬২৫

তারিখঃ ০৪-০৬-১৪২৯ বঙ্গাব্দ
২২-৯-২০২২ খ্রিষ্টাব্দ

প্রতি,

ঠিকাদারি প্রতিষ্ঠানের নাম ও মালিকের নাম	তালিকাভুক্তি বোর্ড সভার সিদ্ধান্ত মোতাবেক রেজিস্ট্রেশন ফি জমা দেয়ার ক্রমিক নম্বর বিভাগের নাম, বই নম্বর, রশি নম্বর ও তারিখ	চূড়ান্ত তালিকাভুক্তি রেজিস্ট্রেশন নম্বর ও সন
মেসার্স ফজিলাতুন নেছা এন্ড সন্স মালিক-মোঃ শহীদ সরফরাজ ঠিকানা-মেইন রোড বোসপাড়া, মেহেরপুর।	ক্রমিক নম্বর-০৭, মেহেরপুর গণপূর্ত বিভাগ, মেহেরপুর এর মানি রশিদ-৯৯, বই নম্বর-০০৪১৮৭ তারিখঃ ১৪/০৮/২০২২খ্রিঃ।	৩০১৮/২০২২-২০২৩

বিষয়ঃ ২০২২-২০২৩ সনের প্রথম শ্রেণি (সম্মিলিত) ঠিকাদারি প্রতিষ্ঠান হিসেবে তালিকাভুক্তির চূড়ান্ত আদেশ প্রদান প্রসংগে।

গণপূর্ত অধিদপ্তরের গত ০৪/০৮/২০২২ তারিখে ২৫.৩৬.০০০০.২২০.০৭.০০৪.২২-১১৪৪/৮ স্মারকের নির্দেশ মোতাবেক উপরে উল্লেখিত প্রতিষ্ঠানের নামের পার্শ্বে বর্ণিত সংশ্লিষ্ট গণপূর্ত বিভাগে টাকার রশিদের মাধ্যমে রেজিস্ট্রেশন ফি বাবদ সর্বমোট ৫,৭৫০/- (পাঁচ হাজার সাতশত পঞ্চাশ) টাকা জমা প্রদান করে মূল রশিদসহ প্রয়োজনীয় কাগজপত্রাদি দাখিল করায় তার ঠিকাদারি প্রতিষ্ঠানকে ২০২২-২০২৩ সনে নিম্নোক্ত শর্তে প্রথম শ্রেণি (সম্মিলিত) ঠিকাদারি প্রতিষ্ঠান হিসেবে গণপূর্ত অধিদপ্তরে তালিকাভুক্তি অনুমোদন করা হলো।

- (ক) উপরোক্ত ঠিকাদারি প্রতিষ্ঠানের মালিক এর ছবি ও নমুনা স্বাক্ষর নির্বাহী প্রকৌশলী (ওএন্ডএম), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা কর্তৃক সত্যায়িত যা পার্শ্বে প্রথিত হলো।
- (খ) সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর দপ্তরের এ আদেশ প্রদর্শন করে রেজিস্ট্রেশন বইয়ের মূল্য প্রদান পূর্বক প্রতিষ্ঠানের নামে ঠিকাদারি রেজিস্ট্রেশন বই গ্রহণ করতে হবে।
- (গ) একই নাম ঠিকানা বা একই মালিকানাধীন গণপূর্ত অধিদপ্তরের অন্য কোন শ্রেণিতে তালিকাভুক্ত লাইসেন্স থাকলে তা স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে এবং ভবিষ্যতে এ ব্যাপারে কোনরূপ ওজর আপত্তি গ্রহণ করা হবে না।
- (ঘ) প্রতিষ্ঠানের ঠিকানা পরিবর্তনসহ কোন প্রকার পরিবর্তন, পরিবর্ধন, কিংবা মৃত্যু জগিত কারণে মালিকানা পরিবর্তন, অংশীদারি প্রতিষ্ঠানের পরিবর্তন ও লিমিটেড প্রতিষ্ঠানে পরিবর্তনের প্রয়োজন হলে অত্র দপ্তর হতে পূর্বানুমতি গ্রহণ করতে হবে।
- (ঙ) আবেদনপত্রের সাথে দাখিলকৃত কাগজপত্রাদি ভবিষ্যতে কোন প্রকার অসত্য প্রমাণিত হলে তালিকাভুক্তির আদেশ বাতিল বলে গণ্য হবে। পিপিআর-২০০৮ এবং গণপূর্ত অধিদপ্তরের তালিকাভুক্তি বিধিমালা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

সংযুক্তিঃ ১। ছবি-১ (এক) কপি।
২। নমুনা স্বাক্ষর-১ (এক) কপি।

(নন্দিতা রণী সাহা)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন)
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
ফোনঃ ০২০০৩০৮০৯৯৯
ই-মেইল: se_est@pwd.gov.bd

তারিখঃ ০৪-০৬-১৪২৯ বঙ্গাব্দ
২২-৯-২০২২ খ্রিষ্টাব্দ

স্মারক নং-২৫.৩৬.০০০০.২২০.০৬.০০১.২২-২৬২৫/১৫৪

- অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-
- ১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত সার্কেল,.....।
- ২। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম এমআইএস বিভাগ-২, গণপূর্ত অধিদপ্তর, পূর্তভবন, ঢাকা।
- ৩। নির্বাহী প্রকৌশলী, মেহেরপুর গণপূর্ত বিভাগ, মেহেরপুর। বর্ণিত ঠিকাদারি প্রতিষ্ঠানের নামে মূল্য প্রদান সাপেক্ষে রেজিস্ট্রেশন বই ইস্যু করতঃ মালিকের ছবি, স্বাক্ষর এবং চূড়ান্ত তালিকাভুক্তি রেজিস্ট্রেশন নম্বর ও সন লিপিবদ্ধ করার জন্য অনুরোধ করা হলো।
- ৪। গার্ড নথি।

(আইনুন নাহার এ্যানি)
নির্বাহী প্রকৌশলী(ওএন্ডএম)
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
ফোনঃ ০২২২৩০৮৪৫৫৪
ই-মেইল: ee_om@pwd.gov.bd